

বঙ্গবন্ধুর জন্মবার্ষিকীতে বশেমুরবিপ্রবিপি উপাচার্যের শ্রদ্ধা

পিরোজপুর প্রতিনিধি

🕒 প্রকাশ: ১৭ মার্চ ২৩ | ১৪:৫৯ | আপডেট: ১৭ মার্চ ২৩ | ১৫:০৬



ছবি- সমকাল

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২৩ উপলক্ষে তার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জানিয়েছেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুর (বশেমুরবিপ্রবিপি)-এর উপাচার্য অধ্যাপক ড. কাজী সাইফুদ্দীন।

পিরোজপুর সদর উপজেলা পরিষদসংলগ্ন বঙ্গবন্ধু চত্বরে তার প্রতিকৃতিতে আজ শুক্রবার সকাল সাড়ে ১০টার দিকে পুষ্পস্তবক অর্পণ করেন বশেমুরবিপ্রবিপি উপাচার্য।


এ সময় বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তাবৃন্দ ও স্থানীয় ব্যক্তিবর্গ তার সঙ্গে উপস্থিত ছিলেন।

একই সময়ে বিশ্ববিদ্যালয়ের ঢাকাস্থ লিয়াজো অফিসে রেজিস্ট্রার ড. অলক কুমার সাহার নেতৃত্বে এক আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন।

মালদোভাকে অস্থিীল করতে রাশিয়ার ১০ বছরের পরিকল্পনা ফাঁস

অনলাইন ডেস্ক

🕒 প্রকাশ: ১৭ মার্চ ২৩ | ১৯:০৬ | আপডেট: ১৭ মার্চ ২৩ | ১৯:০৬



ছবি : সংগৃহীত

মলদোভাকে ‘অস্থিীল’ করার চেষ্টায় রাশিয়ার ১০ বছরের পরিকল্পনার গোপন নথি ফাঁস হয়েছে। শুক্রবার সিএনএন’এ প্রকাশিত এক প্রতিবেদনে এই তথ্য জানা যায়।

মালদোভাকে অস্থিতিশীল করতে রাশিয়ার নিরাপত্তা পরিষেবা সংস্থা (এফএসবি) দ্বারা তৈরি গোপন পরিকল্পনার মধ্যে উল্লেখযোগ্য- রাশিয়াপন্থী গোষ্ঠীগুলোকে সমর্থন করা, অর্থোডক্স চার্চকে ব্যবহার করা এবং প্রাকৃতিক গ্যাসের সরবরাহ বন্ধ করার হুমকি দেওয়া।

নথিটি মূলত তৈরি করা হয়েছে মালদোভাকে পশ্চিমাদের দিকে ঝুঁকা, ন্যাটোর সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্ক এবং ইউরোপীয় ইউনিয়নে যোগদান বন্ধ করতে।

সিএনএন জানায়, তারা সম্পূর্ণ নথিটি দেখেছে। এছাড়া 'স্ট্রাটেজিক অবজেকটিভস অব দ্য রাশিয়ান ফেডারেশন ইন দ্য রিপাবলিক অব মালদোভা' শিরোনামের এই নথিটি ২০২১ সালে এফএসবি'র আন্তঃসীমান্ত সহযোগিতার অধিদপ্তর দ্বারা লেখা হয়েছে বলে মনে করা হচ্ছে।

